# এইসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

যুক্তিবিদ্যা: প্রথম পত্র

বিষয় কোড: ১ ২ ১

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১.▶** দৃশ্যকল্প-১ : গ্রামের মেধাবী ছাত্র রফিক ডাক্তারী পড়া শেষে বিসিএস পাশ করে নিজ জেলা সদর হাসপাতালে যোগদান করে। তার গ্রামের গরীব রোগী হাফিজের চোখেও সমস্যায় সফলতার সঙ্গে অস্ত্র পাচার করে।

দৃশ্যকল্প-২ : জলিল বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় ব্যবসার বিভিন্ন বিষয়ে লেখাপড়া করে এবং সফল ব্যবসায়ী হবার কৌশল আয়ত্ত করে।

ক. যুক্তিবিদ্যার সংজ্ঞা দাও। ১

খ. দক্ষ চিকিৎসক হওয়া যুক্তিবিদ্যার কোন দিক প্রকাশ করে? কেন? ২

গ. দৃশ্যকল্প-২ এ যুক্তিবিদ্যার কোন দিক প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ এর সমন্বয়েই যুক্তিবিদ্যার স্বরূপ নিরূপিত হয়, বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

**২.▶** হাবিল ও কাবিল দুই বন্ধু। চাকরী জীবন শেষ করেছেন। পেনশনের টাকায় হাবিল সাহেব সুন্দর একটা বাড়ী করেছেন, পুকুর কেটেছেন, ফুলের বাগান করেছেন। অন্যদিকে কাবিল সাহেব বেশ কিছু টাকা ধর্মীয় প্রতিষ্ঠানে দান করেছেন এবং মানুষকে ভাল, মন্দ, ন্যায়-অন্যায় ইত্যাদি সম্পর্কে জ্ঞান দেন।

ক. যুক্তিবিদ্যা কী? ১

খ. যুক্তিবিদ্যার চর্চা ব্যয় বহুল নয় কেন? ২

গ. উদ্দীপকে হাবিল সাহেবের কার্যকলাপ যুক্তিবিদ্যার কোন দিক নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে হাবিল ও কাবিল সাহেবের কার্যকলাপের মধ্যে যে পার্থক্য তা যুক্তিবিদ্যার আলোকে দেখাও। ৪


**৩.▶** নিচের চিত্রগুলো লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও




চিত্র-১




চিত্র-২




চিত্র-৩

ক. পদের ব্যক্ত্যর্থ বলতে কী বুঝ? ১

খ. সব মানুষ হয় বুদ্ধিবৃত্তি সম্পন্নজীব এর উদ্দেশ্য ও বিধেয় পদ ব্যাপ্যতা অনুসারে কেমন? কেন? ২

গ. চিত্র-১ এ পদের কোন দিক নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-২, ৩ এ যুক্তিবিদ্যার কোন কোন দিক নির্দেশ করে? কোনটি অধিক গ্রহণযোগ্য? তুলনামূলক আলোচনার ম্যাধমে দেখাও। ৪

http://teachingbd.com

৪.▶ তিন বন্ধু রফিক, সফিক, কাজল সমুদ্র সৈকতে বেড়াতে গিয়ে দেখল চার দিকে মানুষ ছোটাছুটি করছে। সমুদ্রের গর্জন শোনা যাচ্ছে, পানির উচ্চতা বাড়ছে। রফিক বলেন, এটা সুনামির লক্ষণ। সুতরাং সুনামি শুরু হয়েছে। সফিক সুনামিতে কোন প্রাণিই নিরাদপ নয়। সুতরাং আমরাও নিরাপদ নই। কাজল বলল, দ্রুত নিরাপদ স্থানে চল।

ক. সাপেক্ষ পদ কাকে বলে? ১

খ. সব বক হয় সাদা— এটা কোন যুক্তি বাক্য? এর উদ্দেশ্য বিদেয় পদ কেমন? ২

গ. উদ্দীপকে সফিকের ১ম উক্তিকে যৌক্তিক রূপ দিয়ে ব্যাপ্যতার নিয়ম অনুসারে উদ্দেশ্য ও বিদেয় পদ কেমন পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রফিক ও সফিকের বক্তব্য কোন কোন অনুমান নির্দেশ করে? তুলনামূলক আলোচনার মাধ্যমে বুঝাও। ৪

৫.▶ নিচের চিত্রগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও




ক. উপলক্ষণ কাকে বলে? ১

খ. মানুষ ও জাতি কি সমজাতীয় উপজাতি? কেন? ২

গ. ১নং চিত্রে বিধয়কের কোন কোন দিক প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-২ ও চিত্র-৩ বিধেয়কের কোন দুটি দিক প্রকাশ পেয়েছে? তুলনামূলক আলোচনার মাধ্যমে বুঝাও। ৪

Teachingbd.com

৬.▶ বাবার মৃত্যুতে সজল শোকে ভেঙ্গে পরে। মুরব্বী চাচা সান্তনা দিয়ে বলেন, বাবা ধৈর্য ধর। একটু খেয়াল করে দেখ, তোমার দাদা, দাদী তাদের মা বাবা কেউই বেঁচে নেই। এভাবে সবাই একদিন মারা যাবে। সজলের স্যার বললেন, সবাই মারা যাবে। আমিও মারা যাবো, তুমিও মারা যাবো

ক. অনুমান কী? ১

খ. অনুমানে সিদ্ধান্তের সত্যতা আশ্রয়বাক্যের সত্যতার উপর নির্ভরশীল। উদাহরণ দাও। ২

গ. উদ্দীপকে মুরব্বী চাচার বক্তব্য কোন অনুমানকে নির্দেশ করো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মুরব্বী চাচা ও স্যারের বক্তব্যের মধ্যে কোনটা বেশী গ্রহণযোগ্য? বিশ্লেষণ কর। ৪

৭.▶

| যুক্তি-১ | যুক্তি-২ |
|---|---|
| সব মানুষ হয় মরণশীল<br>সব ব্যবসায়ী হয় মানুষ<br>∴ সব ব্যবসায়ী হয় মরণশীল। | ঢাকা হয় বাংলাদেশের রাজধানী<br>∴ বাংলাদেশের রাজধানী হয় ঢাকা। |

ক. আবর্তনের সংজ্ঞা দাও। ১

খ. অমাধ্যম অনুমান প্রক্রিয়া কি সংক্ষিপ্ত? কেন? ২
গ. যুক্তি-১ এ কোন ধরনের অনুমানের প্রয়োগ হয়েছে। ব্যাখ্যা কর। ৩
ঘ. যুক্তি-১ ও যুক্তি-২ এর আন্ত:সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৮.▶

| যুক্তি-১ | যুক্তি-২ | যুক্তি-৩ |
|---|---|---|
| মানুষ মাছ খায় | সব মানুষ হয় মরণশীল | সব মানুষ হয় সৎ |
| মাছ পোকা খায় | কোন গরু নয় মানুষ | সব শিক্ষক হয় মানুষ |
| ∴ মানুষ পোকা খায়। | ∴ কোন গরু নয় মরণশীল | ∴ সব শিক্ষক নয় সৎ। |

ক. *প্রতিবর্তন কাকে বলে? ১
খ. সহানুমানে অপ্রধান আশ্রয়বাক্য কোন আশ্রয় বাক্যকে বলে? ২
গ. যুক্তি-১-এ সহানুমানের কোন নিয়ম লঙ্ঘন হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. যুক্তি-২ ও যুক্তি এ কোন নিয়মের লঙ্ঘন ও প্রতিফলন হয়েছে? বিশ্লেষণ পূর্বক ব্যাখ্যা কর। ৪

৯.▶ বেরি বাধ ভেঙ্গে কমলের খুব ক্ষতি হয়। খালিদ একজন সৎ, ধার্মিক, নিষ্ঠাবান, আদর্শ মানুষ। অথচ বন্যার হাত থেকে তার ফসলও রক্ষা পায়নি। আজিজ বললেন, বেশি বন্যায় ক্ষতিও বেশি হল। এখন কি করব কিছুই বুঝতে পারছি না। আহম্মেদ বললেন, অস্থির হবেন না, ধৈর্য ধরুন। আমরা ফসলের ক্ষতি দেখলেও এর মধ্যে আল্লাহ মঙ্গল রাখতে পারেন।

ক. প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি কী? ১
খ. নিরীক্ষণ কেন সহজ সরল প্রক্রিয়া? ২
গ. উদ্দীপকে খালিদের ফসলে ক্ষতি আরোহের কোন ভিত্তির নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ফসলের ক্ষতি এবং আহম্মেদের বক্তব্যের মধ্যে আরোহের কোন কোন ভিত্তি প্রকাশ পেয়েছে? বিশ্লেষণ কর। ৪

১০.▶ হামিদ সাহেব পরিবারের সবাইকে নিয়ে গ্রীষ্মের ছুটিতে রাজশাহী থেকে ট্রেনে ঢাকা যাবেন। সকাল থেকেই ভ্যাপসা গরম পরেছে। বাসা থেকে বের হবার আগেই মেঘের গর্জন শুরু হয় এবং পথেই ঝড় বৃষ্টির মধ্যে পরেন। তারা স্টেশনে পৌছার সাথে সাথেই ঢং ঢং করে ঘন্টা বাজে এবং ট্রেন চলা শুরু করে।

ক. প্রতীক কী? ১
খ. ট্রাফিক মোড়ে সবুজ আলো গাড়ির জন্য কী নির্দেশ দেয়? কেন? ২
গ. উদ্দীপকে ভ্যাপসা গরম কী নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মেঘের গর্জন এবং ঘন্টা বাজার শব্দ কী নির্দেশ করে। তুলনামূলক আলোচনা কর। ৪

১১.▶ কলেজে ১লা বৈশাখের অনুষ্ঠান চলছে। হঠাৎ পশ্চিম আকাশে সিঁদুরে কালো মেঘ দেখা গেল। খানিক পরে মেঘের গর্জন, বজ্রপাতসহ ঝড় শুরু হয়। ছাত্রছাত্রীরা অস্থির হলে অধ্যক্ষ স্যার হাতের ইশারায় নিজ নিজ আসনে বসে থাকতে বলেন।

ক. সংকেত কাকে বলে? ১
খ. গোলাপ ফুল কোন জাতীয় প্রতীক? কেন? ২
গ. উদ্দীপকে সিদুরে কালো মেঘ সংকেত নির্দেশ করে, ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বজ্রপাত এবং অধ্যক্ষের হাতের ইশারা কোন কোন সংকেতের নির্দেশক? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড | ১ | ২ | ১ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. যুক্তিবিদ্যার মূল আলোচ্য বিষয় হচ্ছে —**
ক) অনুমান  খ) চিন্তা
গ) ভাষা  ঘ) যুক্তি

**২. যুক্তিবিদ্যার একই সজ্ঞো —**
i. বিজ্ঞান ও কলা
ii. আদর্শনিষ্ঠ বিজ্ঞান
iii. বর্ণনা মূলক বিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i
গ) ii ও iii  ঘ) iii

**৩. দর্শনের পরিসর যুক্তিবিদ্যার থেকে —**
ক) কম  খ) সমান
গ) বেশি  ঘ) কোনটিই নয়

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
কবির উচ্চ শিক্ষিত, রহিম ব্যবসায়ী। কবির অন্যের চিন্তা-ভাবনার অসজ্জাতিগুলো বিচার বিশ্লেষণ করতে পারেন। অন্যদিকে রহিম ওজনে কম দেয় না, ভেজাল দ্রব্য বিক্রি করে না।

**৪. উদ্দীপকে কবিরের কাজটা কোন বিষয়কে নির্দেশ করে?**
ক) দর্শন  খ) জ্ঞানবিদ্যা
গ) নীতিবিদ্যা  ঘ) যুক্তিবিদ্যা

**৫. উদ্দীপকে কবির ও রহিমের কাজের পার্থক্য কোথায়?**
ক) যৌক্তিক ও নৈতিক
খ) নৈতিক ও যৌক্তিক
গ) রাজনৈতিক ও নৈতিক
ঘ) সামাজিক ও নৈতিক

**৬. রহিম হচ্ছে একটা —**
i. সরল পদ
ii. যৌগিক পদ
iii. অজ্ঞাত্যর্থক পদ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i
গ) i ও iii  ঘ) iii

**৭. যুক্তির প্রাথমিক উপাদান হচ্ছে —**
ক) যুক্তিবাক্য  খ) অনুমান
গ) অবধারণ  ঘ) ধারণা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
মাসুদ মমিনকে সুন্দরবনে বনভোজনে যেতে বললে, মমিন বলে, যদি ভাইয়ার ক্যামেরা পাই তাহলেই যাব। দুজন সুন্দরবনের ছবি তুলতে ব্যস্ত। এমন সময় দূরে ধোঁয়া দেখে মাসুদ বলে, হয় বনে আগুন লেগেছে অথবা মৌয়ালরা মধু সংগ্রহ করছে।

**৮. উদ্দীপকে মমিনের বক্তব্যে কোন ধরনের যুক্তিবাক্য পাওয়া যায়?**
ক) সাপেক্ষ  খ) নিরপেক্ষ
গ) বৈকল্পিক  ঘ) প্রাকল্পিক

**৯. উদ্দীপকে মাসুদ ও মমিনের বক্তব্যের পার্থক্য হল —**
ক) প্রাকল্পিক ও বৈকল্পিক
খ) বৈকল্পিক ও সাপেক্ষ
গ) প্রাকল্পিক ও বৈকল্পিক
ঘ) নিরপেক্ষ ও সাপেক্ষ

**১০. যুক্তিবাক্যে উদ্দেশ্য ও বিধেয় রূপে ব্যবহৃত শব্দ বা শব্দ সম্পষ্টিকে বলে —**
ক) অনুমান  খ) পদ
গ) অবধারণ  ঘ) যুক্তি

**১১. যুক্তিবিদ পরফিরির মতে বিধেয়ক কতো প্রকার?**
ক) ৩  খ) ৪
গ) ৫  ঘ) ৬

**১২. শ্রেণিবাচক সম্পর্ক কোন কোন পদে বিদ্যমান?**
ক) বাবা ও পুত্র  খ) স্কুল ও কলেজ
গ) রহিম ও রাসেল  ঘ) মানুষ ও গুরু

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
মাহিন ২০০০ সালের ১লা জানুয়ারি ঢাকায় জন্মগ্রহণ করে। তার গায়ের রং খুব ফর্সা। তার আচার ব্যবহার পোশাক সবই পরিপাটি।

**১৩. উদ্দীপকে মাহিনের জন্ম তারিখ বিধেয়কের নির্দেশক?**
ক) ব্যক্তিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
খ) ব্যক্তিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
গ) শ্রেণিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
ঘ) শ্রেণিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ

**১৪. উদ্দীপকে ঢাকা ও পোশাকের পরিপাটির পার্থক্য হলো —**
ক) স্থায়ী ও নশ্বর  খ) স্থায়ী ও অস্থায়ী
গ) অস্থায়ী ও স্থায়ী
ঘ) অস্থায়ী ও নশ্বর

Teachingbd.com

১৫. ঢাকা হয় বাংলাদেশের রাজধানী—এর উদ্দেশ্য বিধেয় হলো —
ⓚ ব্যাপ্য ও অব্যাপ্য ⓚ অব্যাপ্য ও অব্যাপ
ⓖ ব্যাপ্য ও ব্যাপ্য ⓖ অব্যাপ্য ও ব্যাপ্য

১৬. 'O' যুক্তিবাক্যকে প্রতিবর্তন করলে পাওয়া যায়?
(ক) A যুক্তিবাক্য (খ) O যুক্তিবাক্য
(গ) E যুক্তিবাক্য (ঘ) I যুক্তিবাক্য

১৭. আবর্তন কতো প্রকার?
(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার
(গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার

১৮. সহানুমানের সিদ্ধান্তের বিধেয়কে বলে —
i. অপ্রধান পদ
ii. প্রধান পদ
iii. মধ্যপদ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii
(গ) i (ঘ) iii

১৯. আরোহ অনুমানের সিদ্ধান্ত সব সময়ই আশ্রয়বাক্য থেকে —
i. কম ব্যাপক
ii. বেশি ব্যাপক
iii. সমান ব্যাপক
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i ও iii

২০. প্রথম সংস্থানের বৈধ মূতির সংখ্যা হচ্ছে —
(ক) ২টা (খ) ৩টা
(গ) ৪টা (ঘ) ৫টা

নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:

জঙ্গালে কালো ধোঁয়া দেখে হাফিজ বলল, জঙ্গালের সব গাছ পুড়ে ছাই হয়ে যাবে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের কয়েকটা ইউনিট চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে জঙ্গালের অনেক গাছ পুড়ে যায় এবং ব্যাপক ক্ষতি হয়।

২১. উদ্দীপকে ধোঁয়া দেখা আরোহের কোন ভিত্তিকে নির্দেশ করে?
(ক) নিরীক্ষণ (খ) পরীক্ষণ
(গ) কার্যকরণ নিয়ম
(ঘ) প্রকৃতি নিয়মানুবর্তিতা নীতি

২২. উদ্দীপকে ধোঁয়া দেখা এবং বেশি গাছ পুড়ে বেশি ক্ষতি হওয়ার পার্থক্য হলো —
(ক) নিরীক্ষণ ও পরীক্ষণ
(খ) নিরীক্ষণ ও কার্যকরণে নিয়ম
(গ) নিরীক্ষণ ও প্রকৃতির নিয়মবর্তিতা নীতি
(ঘ) কার্যকারণ নিয়ম ও নিরীক্ষণ

২৩. A যুক্তিবাক্যকে প্রতিবর্তন করলে পাওয়া যায়—
(ক) A যুক্তিবাক্য (খ) I যুক্তিবাক্য
(গ) E যুক্তিবাক্য (ঘ) O যুক্তিবাক্য

২৪. চারটি সংস্থানের বৈধ মূর্তির সংখ্যা হলো—
(ক) ১৬টা (খ) ১৭ টা
(গ) ১৮ টা (ঘ) ১৯ টা

২৫. প্রতীক প্রধানত কতো প্রকার
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

২৬. প্রাকল্পিক বচনের প্রতীক চিহ্ন হলো —
(ক) V (খ) ⊃
(গ) / (ঘ) ≡

২৭. সত্যতা কীসের ক্ষেত্রে প্রযোজ্য?
(ক) যুক্তি (খ) পদ
(গ) যুক্তিবাক্য (ঘ) অবধারণ

২৮. বৈধতা কীসের ক্ষেত্রে প্রযোজ্য?
(ক) অবধারণ (খ) যুক্তিবাক্য
(গ) পদ (ঘ) যুক্তি

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:

মুমূর্ষ রোগীকে হাসপাতালে নেয়া হচ্ছে কিন্তু ট্রাফিক মোড়ে লাল বাতি জ্বলায় এমবুলেন্স থামতে বাধ্য হয়। এদিকে পশ্চিম আকাশে ঘন কালো মেঘ দেখা দেয়। হাসপাতালে পৌছার আগেই রোগী মারা যায়।

২৯. উদ্দীপকে লাল বাতি জ্বলা কোন সংকেত বুঝায়?
i. কৃত্রিম সংকেত
ii. স্বাভাবিক সংকেত
iii. প্রাকৃতিক সংকেত
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) iii
(গ) i ও ii (ঘ) i ও ii

৩০. উদ্দীপকে লাল বাতি জ্বলা এবং ঘন কালো মেঘের পার্থক্য হলো —
(ক) প্রাকৃতিক ও কৃত্রিম
(খ) কৃত্রিম ও স্বাভাবিক
(গ) স্বাভাবিক ও কৃত্রিম
(ঘ) প্রাকৃতিক ও স্বাভাবিক

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

http://teachingbd.com